## বার্ষিক পাঠ পরিকল্পনা- ২০২৬

**শ্রেণি: ১ম থেকে ৫ম**

**বিষয়বস্তু: সহশিক্ষাক্রমিক কার্যক্রম/পঠন ও লিখন দক্ষতা উন্নয়ন/সম্পূরক পঠন সামগ্রী (এসআরএম)**

**১. সম্পূরক পঠন সামগ্রী (এসআরএম)**

**SRM – Supplementary Reading Materials / সম্পূরক পাঠ্য সামগ্রী হলো প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদেরকে বাংলা ও ইংরেজি বিষয়ের পাঠ্যবইয়ের অতিরিক্ত বিভিন্ন শ্রেণি-উপযোগী যে সকল বই পড়তে দেওয়া হয়।**

শোনা, বলা, পড়া ও লেখা- এই চারটি দক্ষতার ওপর নির্ভর করে শিশুর শিখন অভিজ্ঞতা গড়ে ওঠে। শিশু নিজ থেকেই শোনা ও বলার মাধ্যমে অনেক কিছু শিখতে পারলেও পড়া ও লেখা শিশুকে সুনির্দিষ্ট কৌশল অবলম্বন করে শেখাতে হয়। শিক্ষক ও অভিভাবকগণ শিশুদের স্বাধীন পাঠক হয়ে গড়ে ওঠার অভিযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন।

**চারটি পঠন কার্যক্রম**

শ্রেণিকক্ষে শিশুদের পড়ার প্রতি আগ্রহী করে তুলতে গল্পের বই একটি চমৎকার সহায়ক উপকরণ। প্রারম্ভিক অবস্থান থেকে শিশুদের স্বাধীন পাঠক হিসেবে গড়ে তুলতে সহায়ক গল্পের বই পাঠের জন্য নিম্নলিখিত চারটি পঠন কার্যক্রম অনুশীলন করা প্রয়োজন:

১. শিক্ষকের সরব পাঠ
২. অংশগ্রহণমূলক পড়া
৩. জুটিতে পড়া
৪. স্বাধীনভাবে পড়া

প্রারম্ভিক স্তরের ক্ষেত্রে **শিক্ষকের সরব পাঠ** ও শিশুদের **অংশগ্রহণমূলক পড়া** কিছুটা বেশি প্রয়োজন হলেও উপরের শ্রেণির শিশুদের জন্য **জুটিতে পড়া ও স্বাধীনভাবে পড়া** বেশি কার্যকর। পঠন দক্ষতা ও পাঠাভ্যাস যত বেশি বাড়বে, শিশুরা তত বেশি স্বাধীন পাঠক হয়ে গড়ে উঠতে পারবে। উল্লিখিত চারটি পঠন কার্যক্রম অনুশীলনের পুরো বিষয়কে এভাবে চিত্রের মাধ্যমে দেখানো যায়:




শিক্ষার্থীদের স্বাধীন পাঠক হিসেবে গড়ে তোলার এই অভিযাত্রায় ধীরে ধীরে শিক্ষকের সহায়তা কমিয়ে শিক্ষার্থীদের দায়িত্ব নেবার এই প্রক্রিয়াকে বলে গ্রাজুয়্যাল রিলিজ অফ রেসপনসিবিলিটি (জি আর আর)।

মাহবুবুর রহমান
সহকারী বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ




মোহাম্মদ আহসান ইবনে মাহমুদ
আই.ডি. নং-০১২৬৮৮
উর্ধ্বতন বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ।

**এস আর এম পিরিয়ডের জন্য সাধারণ নির্দেশনাসমূহ:**

এসআরএম পিরিয়ডের জন্য ব্যবস্থাপনা সংক্রান্ত যেসকল কাজ করণীয় -

- বিদ্যালয়ে বিদ্যমান সকল সম্পূরক পঠন সামগ্রী শ্রেণি অনুযায়ী শেলফে একত্রিত করা।
- শিক্ষার্থীর শ্রেণি ও পঠন দক্ষতা অনুযায়ী পঠন সামগ্রী লেভেল করা।
- শ্রেণি অনুযায়ী শিক্ষার্থীর পঠন সামগ্রী বিতরণের রেজিস্টার সংরক্ষণ করা।
- প্রতিটি শ্রেণিতে বই আদান-প্রদানের (চেক-আউট) জন্য বুক ক্যাপ্টেন নির্বাচন করা।

**একটি এসআরএম পিরিয়ড পরিচালনা-**




**পড়া কার্যক্রমের চারটি উপায়**

| **শিক্ষকের সরব পাঠ** | **অংশগ্রহণমূলক পড়া** |
|---|---|
| ১. পড়ার জন্য বই নির্বাচন করুন। নতুন শব্দ/ যুক্তবর্ণ যুক্ত শব্দ শেখানোর জন্য ১-২টি শব্দ বেছে নিন।<br><br>২.শিক্ষার্থীদের বলুন, পড়ার ঘন্টায় আজকের কাজ 'সরব পাঠ'।<br>৩. বইটির সাথে শিশুদের পরিচয় করিয়ে দিন এবং আজকের নির্ধারিত শব্দগুলো শেখান।<br>৪. স্পষ্ট উচ্চারণ ও সঠিক অভিব্যক্তির মাধ্যমে ধীরে ধীরে বইটি পড়ুন। মাঝে মাঝে থেমে এরপর কী ঘটতে পারে তা জিজ্ঞেস করুন।<br>৫. বই পড়া শেষে বিভিন্ন প্রশ্ন করুন এবং কয়েকজন শিক্ষার্থীকে গল্পটি নিজের ভাষায় বলতে বলুন।<br>৬. সবাইকে ধন্যবাদ দিন এবং বই চেক-আউট করতে সহায়তা করুন। | ১. পড়ার জন্য বই নির্বাচন করুন (একই বইয়ের ৫-৬টি কপি)। নতুন শব্দ/ যুক্তবর্ণ যুক্ত শব্দ শেখানোর জন্য ১-২টি শব্দ বেছে নিন।<br>২. শিক্ষার্থীদের বলুন, পড়ার ঘণ্টায় আজকের কাজ 'অংশগ্রহণমূলক পড়া'।<br>৩. বইটির সাথে শিশুদের পরিচয় করিয়ে দিন এবং আজকের নির্ধারিত শব্দগুলো শেখান।<br>৪. স্পষ্ট উচ্চারণ ও সঠিক অভিব্যক্তির মাধ্যমে ধীরে ধীরে বইটি পড়ুন। মাঝে মাঝে থেমে এরপর কী ঘটতে পারে জিজ্ঞেস করুন।<br>৫. বই পড়া শেষে বিভিন্ন প্রশ্ন করুন এবং কয়েকজন শিক্ষার্থীকে গল্পটি নিজের ভাষায় বলতে বলুন। |

| | |
|---|---|
| | ৬. বইটি আবার পড়ুন এবং আপনার সাথে শিক্ষার্থীদের পড়তে বলুন। গল্পের মজার ঘটনাগুলো অভিনয় করে দেখাতে বলুন।<br>৭. সবাইকে ধন্যবাদ দিন এবং বই চেক-আউট করতে সহায়তা করুন। |
| **জুটিতে পড়া**<br>১. প্রথমেই শিক্ষার্থীদের বলুন, পড়ার ঘণ্টায় আজকের কাজ 'জুটিতে পড়া'।<br>২. শিক্ষার্থীদের জুটি তৈরি করতে সহায়তা করুন। প্রত্যেক জুটি একটি করে বই নির্বাচন করতে সহায়তা করুন।<br>৩. প্রত্যেক জুটিকে নির্ধারিত জায়গায় বসে বই পড়তে বলুন।<br>৪. কোনো জুটির পড়তে সমস্যা হলে সহজ বই বেছে নিতে সহায়তা করুন।<br>৫. কয়েকটি জুটিকে সামনে এসে বই সম্পর্কে নিজের ভাষায় বলতে বলুন।<br>৬. সবাইকে ধন্যবাদ দিন এবং বই চেক-আউট করতে সহায়তা করুন। | **স্বাধীনভাবে পড়া**<br>১. প্রথমেই শিক্ষার্থীদের বলুন, পড়ার ঘণ্টায় আজকের কাজ 'স্বাধীনভাবে পড়া'।<br>২. শিক্ষার্থীদের পড়ার লেভেল অনুযায়ী বই নির্বাচন করতে সহায়তা করুন এবং এককভাবে বই পড়তে বলুন।<br>৩. কারও পড়তে সমস্যা হলে সঠিক লেভেলের বই বেছে নিতে সহায়তা করুন।<br>৪. কয়েকজন শিক্ষার্থীকে সামনে এসে বই সম্পর্কে নিজের ভাষায় বলতে বলুন।<br>৫. সবাইকে ধন্যবাদ দিন এবং বই চেক-আউট করতে সহায়তা করুন। |

-----

**২. শারীরিক পরিচ্ছন্নতা শিক্ষা:**

এর মাধ্যমে শিশুদের শরীরের পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধি সম্পর্কে প্রাথমিক ধারণা দেওয়া হয়। এটি শিশুদের সুস্থ জীবনযাপন ও স্বাস্থ্য সচেতনতা গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

শিক্ষক শিক্ষার্থীদের সাথে দৈনন্দিন পরিষ্কার-পরিচ্ছন্নতা, পরিষ্কার পোশাক পরার গুরুত্ব, সঠিক স্বাস্থ্যবিধি মেনে চলা, ব্যক্তিগত স্বাস্থ্যচর্চা সম্পর্কে আলোচনা করবেন। অতঃপর শিক্ষক ক্লাসে নিয়মিত শারীরিক পরিচ্ছন্নতা বিষয়টি পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় ফিডব্যাক দিবেন।

**৩. বিদ্যালয় পরিষ্কার পরিচ্ছন্নতা:**

শিক্ষক বিদ্যালয়ের পরিবেশ পরিচ্ছন্নতার গুরুত্ব ও শিক্ষার্থীদের করণীয় সম্পর্কে আলোচনা করবেন। শিক্ষার্থীরা শ্রেণিকক্ষের টুকরো কাগজ ও অপ্রয়োজনীয় বস্তু তুলে ময়লার ঝুড়িতে ফেলবে। অতঃপর শিক্ষক ক্লাস শেষে নিয়মিত শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় ফিডব্যাক দিবেন।

**৪. ছড়া গান:**

ছড়াগান হলো শিক্ষার্থীদের আনন্দ ও আগ্রহের মাধ্যমে ভাষা, স্মৃতিশক্তি, কল্পনাশক্তি ও সৃজনশীলতা বিকাশের একটি কার্যকর পদ্ধতি।

শিক্ষকের সহায়তায় শিক্ষার্থীরা ছড়া গান অনুশীলন করবে (শিক্ষক গাইবেন, শিক্ষার্থীরা শিক্ষকের সাথে সমস্বরে গাইবে এবং পরবর্তীতে দলীয়/জোড়ায়/এককভাবে গাইবে)। শ্রেণিভিত্তিক ও বিদ্যালয় পর্যায়ে প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।

**৫. আবৃত্তি:**
ছড়া ও কবিতা সঠিক উচ্চারণে তাল, লয়, ছন্দ বজায় রেখে সরব কণ্ঠে প্রকাশ করাকে আবৃত্তি বলে।
শিক্ষকের সহায়তায় শিক্ষার্থীরা কবিতা আবৃত্তি অনুশীলন ( সমবেতভাবে, দলে, জোড়ায় ও এককভাবে) করবে। শ্রেণিভিত্তিক ও বিদ্যালয় পর্যায়ে এ বিষয়ে প্রতিযোগিতা আয়োজন করা যেতে পারে।

**৬. চিত্রাঙ্কন:**
এটি একটি শিল্পকর্ম যা ক্যানভাসে (দেয়াল, কাগজ বা কোন সমতল পৃষ্ঠে) রং ও তুলি, পেন্সিল, বা অন্য কোন মাধ্যমে শিল্পীর কল্পনা ও মনের ভাব দক্ষতার সাথে ফুটিয়ে তোলে।

শিক্ষার্থীরা খেয়াল-খুশি মতো ছবি আঁকবে ও রং করবে। শিক্ষক শ্রেণিকক্ষে ঘুরে ঘুরে সকলের কাজ পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনীয় সহায়তা দিবেন। শিক্ষক জাতীয় দিবস সম্পর্কিত বিভিন্ন ছবি আঁকতে সহায়তা করবে। বিদ্যালয় পর্যায়ে এই বিষয়ক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।

**৭. গল্প বলা:**
গল্প বলা হচ্ছে, কল্পিত বা বাস্তব কোনো ঘটনার ধারাবাহিক বর্ণনা, যা শ্রোতার মনে আগ্রহ, কল্পনা ও ভাবনার জগৎ সৃষ্টি করে। এটি শিক্ষার্থীদের কাছে একটি প্রিয় ও শিক্ষামূলক কার্যকলাপ।

শিক্ষকের সহায়তায় SRM এর আলোকে শিক্ষার্থীরা ছবি দেখে গল্প বলবে।

শিক্ষকের সহায়তায় পাঠ্যবই, SRM ও অন্যান্য শিক্ষামূলক গল্প বলা অনুশীলন করবে। শ্রেণিভিত্তিক ও বিদ্যালয় পর্যায়ে এ বিষয়ে প্রতিযোগিতা আয়োজন করা যেতে পারে।

**৮. কুইক কুইজ:**
সংক্ষিপ্ত ও দ্রুত সময়ে নেওয়া প্রশ্নোত্তর ভিত্তিক মূল্যায়ন, যার মাধ্যমে ছাত্রছাত্রীদের জ্ঞান, স্মরণশক্তি বা বুঝার ক্ষমতা যাচাই করা হয়। শিক্ষকের সহায়তায় বিভিন্ন বিষয়ে প্রশ্নোত্তরের মাধ্যমে শিক্ষার্থীরা কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। শ্রেণিভিত্তিক ও বিদ্যালয় পর্যায়ে এই বিষয়ক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।

**৯. হাতের লেখা:**
শিক্ষক বাংলাসুন্দর হাতের লেখার জন্য **'সপ্ত স'** এর নিয়মাবলী আলোচনা করবেন। শিক্ষকের সহায়তায় **'সপ্ত স'** অনুসরণ করে হাতের লেখা অনুশীলন করবে। শ্রেণিভিত্তিক ও বিদ্যালয় পর্যায়ে এই বিষয়ক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে। ইংরেজি সুন্দর হাতের লেখার জন্য প্রথম শ্রেণির English For Today এর প্রবাহ অনুসরণ করে অনুশীলন করাবেন।



**১০. ইংলিশ স্পিকিং:**

ইংরেজি ভাষায় কথা বলা এমন একটি দক্ষতা, যার মাধ্যমে কেউ ইংরেজি ভাষায় নিজের অনুভূতি ও মনের ভাব প্রকাশ করতে পারে। অন্যের সাথে কথোপকথন করতে পারে।

শিক্ষকের সহায়তায় শিক্ষার্থীরা ইংরেজিতে কথা বলার অনুশীলন করবে। যেমন- Greetings, Introducing others, Practice Classroom Language etc. শ্রেণিভিত্তিক ও বিদ্যালয় পর্যায়ে এই বিষয়ক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।

**১১. উদ্ভাবনী আইডিয়া:**

উদ্ভাবনী আইডিয়া বলতে বোঝায় সমস্যা সমাধানের নতুন পদ্ধতি, নতুন কিছু আবিষ্কারের চিন্তা বা আগের কিছু জিনিসকে নতুনভাবে ব্যবহার করা।

শিক্ষকের সহায়তায় শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে নিজেদের উদ্ভাবনী আইডিয়া প্রকাশ করবে। শিক্ষক শিক্ষার্থীদের উদ্ভাবনী আইডিয়াগুলো নিয়ে শ্রেণিকক্ষে আলোচনা করবেন ও প্রয়োজনীয় ফলাবর্তন দিবেন।

**১৩. বিজ্ঞান মেলা:**

শিক্ষকের নির্দেশনা অনুসারে শিক্ষার্থীরা দলভিত্তিক বিজ্ঞান বিষয়ক উপকরণ/প্রজেক্ট ওয়ার্ক তৈরি করবে। নির্ধারিত দিনে প্রধান শিক্ষকসহ সকল শিক্ষকের উপস্থিতিতে বিজ্ঞান মেলায় দলভিত্তিক তাদের কাজসমূহ প্রদর্শন করবে।

**১৪. উপস্থিত বক্তৃতা:**

উপস্থিত বক্তৃতা হলো তাৎক্ষনিক নির্ধারিত কোনো বিষয়ে বক্তব্য উপস্থাপন করা।

শিক্ষকের নির্দেশনায় শিক্ষার্থীরা নিদির্ষ্ট বিষয়ের (যেমন- আমার মা, আমার বিদ্যালয়, আমার দেশ, প্রিয় শিক্ষক ইত্যাদি) উপর বক্তব্য উপস্থাপন করবে। শিক্ষক প্রয়োজনীয় ক্ষেত্রে সহায়তা করবেন।

**১৫. একক অভিনয়:**

একক অভিনয়ের মাধ্যমে একজন ব্যক্তি একা অভিনয় করে কোনো গল্প, চরিত্র বা পরিস্থিতি ফুটিয়ে তোলে। শিক্ষার্থীরা নিজ পছন্দ অনুযায়ী বিষয়ের উপর একক অভিনয় প্রদর্শন করবে। শিক্ষক প্রয়োজনীয় সহায়তা দিবেন।

**১৬. বিতর্ক প্রতিযোগিতা:**

শিক্ষক শিক্ষার্থীদের বিষয়বস্তু নির্ধারণ করে দিবেন এবং প্রয়োজনী নির্দেশনা ও সহযোগিতা করবেন। বিদ্যালয় পর্যায়ে এই বিষয়ক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।

মাহবুবুর রহমান
সহকারী বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ

মোহাম্মদ আহসান ইবনে মাসুদ
আই.ডি. নং-০১২৬৮৮
উর্ধ্বতন বিশেষজ্ঞ
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ।